**সংশোধিত চুক্তিনামা**

সহযোগিতা চুক্তিপত্র

(Cooperation Agreement)

**প্রথম পক্ষ**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পক্ষে-

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়),
আইসিটি টাওয়ার, (৬ষ্ঠ তলা), আগারগাঁও,ঢাকা -১২০৭

**দ্বিতীয় পক্ষ**

প্রধান শিক্ষক/অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রতিষ্ঠান প্রধান

.............. স্কুল/বিদ্যালয়/কলেজ/মাদ্রাসা/ প্রতিষ্ঠান প্রধান।
মোবাইল নম্বর :
ই-মেইল:
উপজেলা :.......................... জেলাঃ..........................।

এই চুক্তিপত্র তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পক্ষে অদ্য / /২০২১খ্রি: তারিখে প্রকল্প পরিচালক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়), আইসিটি টাওয়ার, (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭ এবং প্রধান শিক্ষক/অধ্যক্ষ ......... স্কুল/ বিদ্যালয়/ কলেজ/ মাদ্রাসা/ প্রতিষ্ঠান প্রধান, উপজেলা: ................, জেলা: .................. এর মধ্যে শর্ত সাপেক্ষে উভয়পক্ষ কর্তৃক চুক্তি সম্পাদিত হলো।

**-ঃশর্তাবলি-ঃ**

**সাধারণ শর্তাবলি:**

ক) নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের যেকোনটিতে নির্দেশিকা/চেকলিষ্ট অনুযায়ী কোন শর্ত/শর্তসমূহের ঘাটতি পাওয়া গেলে পরবর্তী যেকোন পর্যায়ে উক্ত প্রতিষ্ঠানকে ল্যাব স্থাপনের কার্যক্রম হতে বাদ দেওয়ার এখতিয়ার প্রকল্প কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

খ) নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের প্রধানকে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ল্যাব রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইন বাস্তবায়নের জন্য নির্দেশিকা অনুসরণ করে ল্যাব স্থাপন করতে হবে।

গ) ল্যাব স্থাপনের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠান প্রধানকে প্রকল্প কর্তৃপক্ষের সাথে সম্পাদিত চুক্তির সকল শর্তাদি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

**১ম পক্ষ (প্রকল্প কর্তৃপক্ষ) কর্তৃক করণীয়:**

১) ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সারাদেশে আইসিটি শিক্ষার গুণগত মানোন্নয়নের উদ্দেশ্যে এবং শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রয়োজনীয় অবকাঠামো স্থাপন, আইসিটির নিত্যনতুন প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে "শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)" এর আওতায় নির্বাচিত প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে প্রকল্প দপ্তর হতে নিম্নবর্ণিত আইটি সরঞ্জাম এবং আসবাবপত্র সমূহ সরবরাহ করা হবে:

| ক্রম | ল্যাবের আইটি সরঞ্জাম সমূহের নাম | সংখ্যা |
|---|---|---|
| ১ | ল্যাপটপ | ১৭ টি |
| ২ | প্রিন্টার | ১ টি |
| ৩ | স্ক্যানার | ১ টি |
| ৪ | স্মার্ট এলইডি টেলিভিশন | ১ টি |
| ৫ | ওয়েব ক্যামেরা | ১ টি |
| ৬ | রাউটার | ১ টি |
| ৭ | নেটওয়ার্ক সুইচ | ১ টি |
| ৮ | ইন্টারনেট কানেক্টিভিটি | ০৬ মাস |

| ক্রম | আসবাবপত্র | সংখ্যা |
|---|---|---|
| ১ | ইন্সট্রাক্টর টেবিল | ১ |
| ২ | ইন্সট্রাক্টর চেয়ার | ১ |
| ৩ | স্টুডেন্টস টেবিল | ১৬ |
| ৪ | স্টুডেন্টস চেয়ার | ৩২ |

২) প্রকল্প কর্তৃপক্ষ ল্যাব স্থাপনের লক্ষ্যে রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইন করার জন্য প্রয়োজনীয় নির্দেশিকা/গাইডলাইন প্রদান করবে।

৩) প্রতিটি ল্যাবের রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইনের কার্য সম্পাদনের জন্য ভ্যাট ও ট্যাক্সসহ সর্বমোট ৬৫,০০০/- (পয়ষট্টি হাজার) টাকা প্রদান করা হবে। উক্ত অর্থ দিয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রেনোভেশন ও ডিজাইন বাস্তবায়ন নির্দেশিকা অনুসরণপূর্বক সকল সরঞ্জামাদি ক্রয় এবং স্থাপন করতে হবে। বর্ণিত বরাদ্দ প্রচলিত বিধি ও পিপিআর-২০০৮ মোতাবেক ব্যয় করতে হবে।

৪) প্রকল্প দপ্তর/আইসিটি অধিদপ্তর/আইসিটি বিভাগ এর বিভিন্ন দপ্তর/সংস্থা ও শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/সংস্থা থেকে বিভিন্ন সময়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন ও মনিটরিং করা হবে।

**২য় পক্ষ (শিক্ষা প্রতিষ্ঠান) কর্তৃক করণীয়:**

০১। শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে কমপক্ষে ২২ ফুট দৈর্ঘ্য এবং ১৮ ফুট প্রস্থ বা আরো প্রশস্ত কক্ষের ব্যবস্থা করতে হবে। নির্বাচিত কক্ষটি স্বাস্থ্যকর পরিবেশ ও সুন্দর অবকাঠামো বিশিষ্ট হতে হবে।

০২। ল্যাবের মালামাল যাতে চুরি/নষ্ট না হয় সে জন্য সতর্কতা ও পর্যাপ্ত নিরাপত্তা মূলক বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সাথে আলোচনা করে প্রকল্প হতে ভ্যাট ও ট্যাক্স কর্তন বাদে বরাদ্দকৃত টাকায় ল্যাব কক্ষ সংস্কার ও সাইনবোর্ড প্রকল্প দপ্তর থেকে প্রেরিত ডিজাইন অনুযায়ী যথাযথ ভাবে স্থাপন সম্পন্ন করবেন। বর্ণিত কাজ সম্পন্ন করে প্রতিষ্ঠান প্রধান অতিসত্তর প্রকল্পের চাহিদা মোতাবেক সচিত্র প্রতিবেদন, প্রত্যয়ন পত্র ও খরচের বিপরীতে বিল/ভাউচার নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প পরিচালকের দপ্তরে প্রেরণ করতে হবে।

০৪। **প্রকল্প দপ্তর হতে প্রেরিত নির্দেশিকা/গাইডলাইন অনুসারে প্রতিষ্ঠানকে নিম্ন বর্ণিত কার্যাদি নিজস্ব উদ্যোগ ও অর্থায়নে সম্পন্ন করে রাখতে হবেঃ**

ক) শেখ রাসেল ডিজিটাল ল্যাবের জন্য নির্বাচিত কক্ষটির নিরাপত্তার স্বার্থে দরজা-জানালা মজবুতকরণ, উন্নত অবকাঠামো ও কক্ষে পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থা থাকতে হবে।

খ) ল্যাপটপ ও অন্যান্য আনুসাঙ্গিক যন্ত্রপাতিতে বিদ্যুৎ সংযোগের জন্য ল্যাব কক্ষে প্রয়োজনীয় বৈদ্যুতিক সংযোগ/ওয়ারিং করতে হবে এবং প্রয়োজন অনুযায়ী সিলিং ফ্যান ও বৈদ্যূতিক লাইটের ব্যবস্থা করতে হবে।

গ) শেখ রাসেল ডিজিটাল ল্যাব কক্ষের মেঝে/ফ্লোর টাইলস ফিটিংস থাকতে হবে অন্যথায় ফ্লোর ম্যাট ক্রয় ও স্থাপন করতে হবে।

০৫। **প্রকল্প দপ্তর কর্তৃক বরাদ্দকৃত ৬৫০০০/= (পঁয়ষট্টি হাজার) টাকা দ্বারা নির্বাচিত প্রতিষ্ঠানসমূহ ল্যাব রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইনের নির্দেশিকা/গাইডলাইন অনুসরণপূর্বক নিম্ন বর্ণিত সরঞ্জামাদি ক্রয় এবং স্থাপন করতে হবে:**

ক) ০১টি মাল্টিপারপাজ শেলফ/আলমিরা, ০১টি হোয়াইট বোর্ড, ০১টি এক্টিভিটি বোর্ড, ০১টি ফায়ার এক্সটিংগুইশার নির্দেশিকা/গাইডলাইন অনুযায়ী ক্রয় ও স্থাপন করতে হবে।

খ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রীর দাপ্তরিক ছবি নির্দেশিকা/গাইডলাইন অনুযায়ী ক্রয় ও স্থাপন করতে হবে।

গ) নির্দেশিকা/গাইডলাইন অনুযায়ী নির্দিষ্ট রঙের ০৪টি কালার কোটেড ডাস্টবিন ক্রয় এবং স্থাপন করতে হবে।

ঘ) স্কুলের মূল ফটকে ০১টি সাইনবোর্ড, ল্যাবের অভ্যন্তরে ০১টি নিওমেনিক সিম্বল ও ল্যাবের সম্মুখে ০১টি উদ্বোধনী ফলক ল্যাব রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইনের নির্দেশিকা/গাইডলাইন অনুযায়ী তৈরি ও স্থাপন করতে হবে।

ঙ) কক্ষের অভ্যন্তরীন ডিজাইন ও রঙের জন্য (কালার কোড অনুযায়ী) প্রকল্প দপ্তরের ল্যাব রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইনের নির্দেশিকা/গাইডলাইন যথাযথভাবে অনুসরণ করতে হবে।

চ) কক্ষটির দরজা ও জানালায় প্রয়োজন অনুযায়ী পর্দার ব্যবস্থা করতে হবে।

০৬। কম্পিউটার ল্যাবের জন্য প্রয়োজনীয় বিদ্যুৎ ও ইন্টারনেট বিল সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পরিশোধ করবে।

০৭। এ ল্যাব আইসিটি শিক্ষা বিস্তারে কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের অনুমতিক্রমে অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীরা প্রশিক্ষণার্থী হিসেবে অংশ গ্রহণ করতে পারবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান এ বিষয়ে পূর্ণ সহযোগিতা প্রদান করবে।

শিক্ষা কার্যক্রম ব্যহত না করে বাণিজ্যিকভাবে এ ল্যাব শেখ রাসেল আইসিটি ক্লাব হিসেবে ব্যবহার করা যেতে পারে। এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় হতে সময়ে সময়ে জারীকৃত ল্যাব পরিচালনার নীতিমালা অনুসরণ করতে হবে।

০৮। ল্যাবের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে এবং সেক্ষেত্রে প্রতি কর্মদিবসে শেখ রাসেল ডিজিটাল ল্যাবটি আবশ্যিক ভাবে খোলা রাখতে হবে যাতে যে কোন ছাত্র/ছাত্রী যে কোন সময়ে ল্যাব/কম্পিউটার ব্যবহার করতে পারে। আইসিটি শিক্ষা বিস্তারের লক্ষ্যে সংশ্লিষ্ট শিক্ষা কার্যক্রম ব্যহত না করে সরকার অথবা অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণ কোর্স আয়োজনে সহযোগিতা করতে হবে।

০৯। প্রয়োজনে এ ল্যাব এস.এস.সি /এইচ.এস.সি পর্যায়ে কম্পিউটার সাইন্স ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র হিসেবে ব্যবহার করা যেতে পারে।

১০। সরকারের কোন কাজে ল্যাবের প্রয়োজন হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

১১। প্রকল্প দপ্তর/আইসিটি অধিদপ্তর/ আইসিটি বিভাগ/শিক্ষা অধিদপ্তর/শিক্ষা মন্ত্রণালয় থেকে ল্যাব পরিদর্শনকারীকে শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন ও মনিটরিং এর কাজে সহযোগিতা প্রদান করতে হবে।

১২। স্থাপিত ল্যাপটপসহ আইসিটি সরঞ্জাম ও আসবাসপত্রের ওয়ারেন্টি মেয়াদ শেষে শেখ রাসেল ডিজিটাল ল্যাবের ল্যাপটপ ও আনুষাঙ্গিক সামগ্রী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নিজস্ব সম্পত্তি হিসেবে গ্রহণ করবে এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে।

১৩। ল্যাব কক্ষ রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইনের জন্য ক্রয়কৃত সরঞ্জামাদি, প্রকল্প হতে প্রাপ্ত ল্যাপটপসহ অন্যান্য আইটি সরঞ্জামাদি ও আসবাসপত্রসমূহ প্রতিষ্ঠানের মালামাল রেজিষ্টারে লিপিবদ্ধ করবে এবং রেজিষ্টারের সত্যায়িত কপি প্রকল্প দপ্তরে প্রেরণ করবে।

১৪। ল্যাব কক্ষ রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইনের সচিত্র প্রতিবেদন প্রকল্প দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।

১৫। "শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)" কর্তৃক প্রদত্ত আইটি সামগ্রী (ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার, স্মার্ট এলইডি টিভি, রাউটার, নেটওয়ার্ক সুইচ) এবং ফার্নিচার (চেয়ার, টেবিল) চুরি/হারানো/খোয়া গেলে যদি উদ্ধার করা সম্ভব না হয় তাহলে স্কুল কর্তৃপক্ষকে তা নিজস্ব অর্থায়নে ০২(দুই) মাসের মধ্যে প্রতিস্থাপন করতে হবে।

১৬। নিয়মিতভাবে কম্পিউটার ল্যাবের কক্ষটি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করতে হবে।

**অত্র চুক্তিনামা পড়ে ইহার মর্মার্থ অনুধাবন করে অন্যের বিনা প্ররোচনায় স্বজ্ঞানে স্বাক্ষীগণের উপস্থিতিতে স্বাক্ষর করলাম।**

| **১ম পক্ষ** | **২য় পক্ষ** |
|---|---|
| (--------------------)<br>প্রকল্প পরিচালক | ( .................................. )<br>শিক্ষা প্রতিষ্ঠান প্রধান<br>--------------------------------<br>উপজেলা:-------------------------<br>জেলা:----------------- |
| স্বাক্ষীর নাম, স্বাক্ষর ও তারিখ | স্বাক্ষীর নাম, স্বাক্ষর ও তারিখ , |
| ০১। | ০১। প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভাপতি<br>(সিলসহ স্বাক্ষর)<br>ফোন নং- |
| ০২। | ০২। জেলা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>(সিলসহ স্বাক্ষর)<br>ফোন নং- |

<u>প্রতিস্বাক্ষরকারী</u>

০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা/ আইসিটি)
(সিলসহ স্বাক্ষর)
ফোন নং-